নানাবিধ লাঞ্ছনা গঞ্জনা ভৎসনা উপপতি কর্ত্তৃক প্রাপ্ত হইতে হয়। এবং কুলবতীতে যদ্রূপ পতির মনরঞ্জন নিরীক্ষণ করে। তদ্রূপ কুলটাকেও উপপতির মনরঞ্জনা হইতে হয়। এবং সাধ্বী সতীগণে যে প্রকার স্বপতির দাসীত্ব কর্ম্মে প্রবর্ত্ত হয়েন। সে প্রকার অসতীগণকেও উপপতির দাসীত্ব কর্ম্মে নিয়ত নিযুক্ত হইতে হয়। তবে হে মহাশয় যদ্যপি দাসীত্ব দশাই ঘুচিলনা তবে কেন অনর্থক ঠাকুরের দ্রব্য কুকুরের ভোগ দেওয়া এবং সিংহের সিংহাসনে শৃগালকে স্থাপিত ও মণির মাল্য হীনলোক অর্পিত ও গরুড়ের সুধা কাকেরে সমর্পণ ও গজমুক্তা অজাশীরে খচিত ও পদ্মবনে মণ্ডুককে নিয়োগ ও উচিত করণে কি [illegible]। যদি বল কুলটাগণের উপপতি পদসেবার পরিবর্ত্ত হয় তবে কি সতীগণে পতি সেবার বিনিময় পাননা অর্থাৎ অবশ্যই পান। এটি তক যে সতীর পতি বিনাশ হইলে আর পতি উদ্ভবের সম্ভব নাই এবং বিধবা যন্ত্রণা সেও প্রায় অবধি মৃত্যু পর্য্যন্ত যদ্যপি পশ্চিমে সূর্য্যোদয় হয় ও [illegible] ও সন্ধ্যা ত্যাগ করেন ও দুষ্টগণের সদ্গতি প্রাপ্ত হয় তথাচ সতী সতীগণেরা তিলেকের নিমিত্তেও বিধবা যন্ত্রণা ভোগ করেন না এবং সতীগণের পতির মৃত্যুপস্থিত হইলেও মৃত্যু না হবার সম্ভাবনা ও মৃত্যু হইলেও সতীগণের সতীত্ব শক্তিতে মৃত পতি জীবিত হওনের সম্ভাবনা তাহার উদাহরণ সতী শিবসুন্দরী ও সতী মদনের রতি ও সতী সাবিত্রী ও সতী বেউলা ও সতী মন্দোদরী ইত্যাদি। যদি কহ যে সতী মন্দোদরী এ উদাহরণে কি প্রকার সম্ভবে তবে শুন শ্রীরামচন্দ্রের এমত উক্তি আছে যে যদ-

যদি সাধ্বীর দেহ সন্তানদের চিতা না নির্ব্বাণ হয় অতএব যদি স্ত্রীগণেরা সধবাই থাকিবেক। একারণ সর্ব্ব মহাশয়দিগকে এই উদাহরণে নিবিষ্ট করাগেল। অতএব তন্নিমিত্তে বলি যে সতী স্ত্রী গণের আজন্মাবধি সধবা থাকিবার সুযোগই আছে। আর সতী নারী গণের স্থান কোথায় তাহাও বক্তব্য, হে সাধু পুরুষ অত্র বাক্যে চিত্তাভিনিবেশ করুণ। দেখ শ্যামা সতীকে শঙ্কর হৃদয়ে ধারণ করেন, ও রাধা সতীকে শ্রীকৃষ্ণ ক্রোড়ে রাখেন ও তুলসী সতীকে বিষ্ণু মস্তকে ধারণ করেন, ও গঙ্গা সতীকে গঙ্গাধর শিরোপরে অবধারণ করেন, ইত্যাদি। অতএব হে ভণ্ড বেশী হিন্দু হইতে স্ত্রীগণের আর অধিক সুখ কি আছে স্বীয় বিবেক দ্বারা অবগত হও দেখি আর অসতীগণের যে কি পর্য্যন্ত নরক ভোগ তাহা অবগত হইলেও বক্তব্য, হে সাধু সন্তান প্রভৃতি পাঠক মহাশয়। দেখ যে পুরুষের মনঃ স্বস্ত্রীতে সন্তোষ করিতে পারে না ও বন্ধু বান্ধব কুটুম্বাদিতেও সন্তোষ করিতে অক্ষম এবং মাতাপিতা ভ্রাতা ভগিনী ভাগিনেয় খুড়া খুড়ী জেঠা জেঠী মামা মামী মেসো মাসী পিসে পিসী শ্বশুর শাশুড়ী শালা শালাজ শালী মামাশ্ পিসাশ্ জেঠশাশ্ খুড়শাশ্ ও আর অন্যান্য পাড়া পড়সী ইত্যাদিতেও যাহার মন সন্তোষ করিতে অশক্ত, তাহার মন সন্তোষে কল্য যে কি পর্য্যন্ত ঘোর নরক তাহা আপনার সুবুদ্ধি শক্তি দ্বারা বিবেচনা কর দেখি এবং এতাদৃশ কুপথে যে ব্যক্তি স্ত্রীগণকে প্রবেশ করাইতে বাঞ্ছা করে সেই ব্যক্তিই বা কি পর্য্যন্ত ঘোর নারকী তাহাও বিবেচনা কর দেখি। আর দেখ আপনি স্বীয় প্রিয়সীর

প্রাপ্য প্রেম নিধি পরিত্যাগ পুরঃসর অপার জলধী তীরের প্রায় অপ্রাপ্য প্রেমেচ্ছায় গভীর সর্ব্বাঙ্গ সংহারে মনে মহাপাপে পদাভিষিক্ত হইতে মনোভিনিবেশ করিতেছ একি তব পক্ষে শ্রেয়স্কর। জনকে পণ্ডিতাদির কি কথিত আছে।

শ্লোক।

যঃ ধ্রুবানি পরিত্যজ্য অধ্রুবং পরি সেবতে।
ধ্রুবানি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্ট মেব হি॥

অর্থ। নিশ্চিত বিষয় ত্যাগ করি যেই জন। অনিশ্চিত বিষয়ের করে আকিঞ্চন॥ নিশ্চিত বিষয় যে তাহার নষ্ট হয়। অনিশ্চিত বিষয়ে চেষ্টা মিথ্যা হয়।

গদ্য। গুপ্তবেশী এই সমূহ বাক্য শ্রবণ মাত্রেই আপনার আশা নৈরাশা জানিয়া জ্ঞানের দফা রফা করিয়া নেত্রের পলক রহিত হইয়া ন্যাকা প্রায় তাকার মত বুদ্ধে মুখে হাঁ করিয়া ভেলংকরে চাহিয়া রহিলেন।

দাসী কর্ত্তৃক সাধুসংগের মস্তক মুণ্ডন।

ত্রিপদী॥ অহো মুখে ভাবে সাধু, কেন আর পূর্ণ বিধু এসে করি আকিঞ্চন। মিছা কেন করি চিন্তা, আপনেই শক্তা, এই বেলা করি অন্বেষণ॥ আর কেন দিয়ে শো, বালকের মত কাঁদা, অবসন্ন হয়েছে রজনি। ভাস্কর উদিত হলে, অমনি তস্কর বলে, মুণ্ড খণ্ড করিবে এখনি॥ দারগার কেন আশ, বুঝিলাম সর্ব্বনাশ, রাত্রি শেষ সাব মাত্র হয়। এতদ্রূপ ভাবি তত্র, নিদ্রায় শয্যায় মাত্রে, গাত্র নাদি নেত্র মুদিরয়॥ চেতন হইল নাশ, নাসায় বহিছে শ্বাস, রহিল বিহ্বলে সদাগর। উনিছে রসিক গন, রসে রসাইয়া মন, রস ভাস রসের সাগর॥

ঝাঁপিয়ে শর্বরী সঙ্গ, চেতনের মন্দ গর্ব, জলদে আবৃত কুমুদ্বতী। উলাসিয়া তুষ্ট মনে, ব্যাপিল নিদ্রা গগনে, যেন খদ্যোতিক মিশাপতি॥ একপ হেরি অন্ধকার, অন্ত দেখি সখীগণ, পরস্পর চুপে বলে। বুঝি এমনি ক্ষাই ভয়, আতঙ্কে কম্পিতা হয়ে, পতিত হইল ক্ষিতি তলে॥ দ্রব্যং যার অঙ্গ, প্রথক শর্য্যারি সঙ্গ, অসহ্য হইয়া লাগে পায়। সেই অঙ্গ ধরাসনে, মিলাইয়া ধরাসনে, ক্রমেতে বাসেরূপার দায়॥ একেত ঘোর বিপদ, কক্ষেতে আনন্দ পাছ সতীত্ব রক্ষার জন্য ধর্ম। নানা বিধ বাক্য ছলে, বন্ধনের বাক্য ছলে, ছেদিলেম এতেক রজনি॥ আপদ হতে উত্তীর্ণ, বিরহে সদা বিদীর্ণ, শীর্ণ কায় জীর্ণ প্রায় দেখি। শরিয়া নিদ্রা ভুবনে, মিলিত হয়ে ভুবনে, অশোক পতিত শশিমুখী॥ কে জানে এ কুলাঙ্গার, কুল কাঠের অঙ্গার, কুলাঙ্গার করিতে এসেছে। আইং কি বালাই, কোথায় আপদ বালাই, ঠাকুর জামাই হয়ে আছে। ছিছি একি কর্ম্ম ভোগ, বাগের ঘরেতে যোগ, ভুজঙ্গীবনেতে চড় বসতী। হিরায় থাকিত ধাড়, তাকে যেন কাঁচা পেঁচা, এই বোঁচা শাবুর সন্তুতি॥ এত বলি, সর্ব্ব সখী ক্রোধে হয় বক্রমুখী, কি বলিবে নাপায় উপায়। খোশাবেশ পরিহরি, যোগ ভাবে সব নারী, সাধু পাশে ধায় পায় পায়॥ নিদ্রাবৃত সাধু সঙ্গে, সকাশে মিলে আহ্লাদে, কাব্য হেতু ক্রিয়া আরম্ভিল। কেহ ধর ক্ষুর শাহের মস্তক মুণ্ডন করে, কেহ অর্দ্ধ গোঁপ বিনাশিল॥ কেহ চক্ষু পদ্ম তুলি, ছেদিলেন ভ্রমরালী, কেহ চ উন্মূলন করিল। কেহ অতি হয়ে রুষ্ট, প্রচণ্ড ক্রোধেতে উগ্র, শ্রবণাগ্র নাসাগ্র কাটিল। এ মত রূপ করি তায়, সবে প্রাকৃ

…রে গায়, ছলে বলে যামিনী পোহায়। হল উদয় সময়, …ঠাকুর মহাশয়, …পনের অস্তাচল যায়॥ অমনি সাধু ধড়ফড়িয়ে, উঠিয়া অতি তরাসে, দুই হাতে রগড়ে নয়ন। …খানি জনেক সখী, দর্পণ সম্মুখে রাখি, বলে সখা দেখ …ও বদন॥ এই বলে যতগুলী, তুলিল হাসির ধ্বনি, বলে …পুরুষের নেড়া, কেহ বলে দেখি ভাই, [illegible] কোথায় ভাই, সাধ যেন সাধু করা ভেড়া॥ কুকুরে …নিয়া মুখ, কখনি হয়েছে সুখ, আর দুখ [illegible] …। [illegible] সাপ পরিহরি আনিয়াছি [illegible] করি, [illegible] করে॥ [illegible] হাতে, [illegible] উপরে [illegible] ছিটে [illegible] [illegible] [illegible] আগুন [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কি [illegible] ছিল [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কি আছে [illegible]॥ [illegible] কি বিপত্তি, [illegible] প্রীতি [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

করি, করে সাধু স্বদেশে গমন। ফেরুর বলে তায়, দাসীরে সঘনে ধায়, সাধু তাহে আরো জ্বলাতন ॥ উন্মাত্তের প্রায়, চলে যায় ফরু২, থরু২ চরণের গতি। ঠাকুর জামাই শুন, কহে সখী পুনঃ২ কাব্য রসে করিছে মিনতি ॥ সাধা থাক কথা রাখ, যেওনা হে থাক২ শুহে সখা চটনায়। হইয়ে সাধের বঁধু, বিষাদ ছাড়হে সাধু, কেন কর বিচ্ছেদ ঘটনা ॥ দাসীর প্রতি রাগ বৃদ্ধি, [illegible] হবে [illegible] সিদ্ধি, এ কেবল অজ্ঞানুচিত তব। সমুদ্রের [illegible], [illegible] প্রায় বদ্ধ, হায়২ কারে কিবা কব ॥ [illegible], বাক্য ছলে নানা বিধ, তৎ মনা করয়ে [illegible] দংশন করিছে তায়, [illegible] যায়। [illegible] বাহির হয়ে, শ্রীহরি স্মরণ [illegible] রাগে। [illegible] রসবতী, পতিব্রতা সাধ্বী সতী, [illegible] হয় শূন্য ভাগে ॥ সতীর সতীত্ব জন্য, বিভাবরী [illegible], অমনি হইল সেইক্ষণ। চন্দ্রের চন্দ্রিকা [illegible] হইল দিন, প্রচ্ছন্ন হইল তারাগণ ॥ [illegible] ছেড়ে, গাছের [illegible], [illegible] কাকলি তুলিল। হিরামোহন [illegible], নানা [illegible] পাপিয়া, পাকসাটে ডাক আরম্ভিল। বউ কথা কউ টিয়া, স্ফটিকজল কাকাতোয়া, ময়না [illegible] শুক সারী। [illegible] পক্ষী, ফিঙ্গে সারেঙ্গ মৌচুস্কি, নীলকণ্ঠ লালমোহন নুরী ॥ সারস পেচার বাজ, [illegible] চকী ভিমরাজ, ভরত ফুল চুনী [illegible]। তুলোফুকী [illegible], মাছরাঙ্গা পানকৌড়ি, [illegible] রসকেবারী [illegible] ॥ [illegible] পিঁপি ধড়িয়াল, কুকো ঘুঘু [illegible], তোতা হরিয়াল হাজার দস্তা। চড়ুইলে [illegible]

খী গণকে জিজ্ঞাসা করিলেন যে সে পাপিষ্ঠ কোথায়। এতদ্বাক্য শ্রুত মাত্র সখীগণ দণ্ডায়মানা হইয়া করযোড়ে নিষ্কপটে অকপটে কহিল যে হে ঠাকুরাণী দাসী গণের কিঞ্চিৎ নিবেদন আছে অনুমতি হয় প্রকাশ করি। সুধামুখি সুধাইলেন সেকি, সহচারীরা কহিতেছে, ঠাকুরাণী শুন। মাতা পিতার অনিষ্টকারিকে তৎ সন্তানেরা কি প্রকার স্নেহ করে। গুণবতী সঙ্গিনীগণের এতদ্বাক্য শ্রবণে ঈষদীষদ্ধাস্যাননে কহিলেন যে মাতা পিতার অনিষ্ট কারির প্রাণ বিনষ্ট করি কহিলেও পাপাদি হয় না। তখন সহচারী বৃন্দেরা কহিল যে সে দুষ্টের প্রাণ বিনষ্ট না করিয়া নাশা কর্ণের অগ্রভাগ তীক্ষ্ণ শস্ত্র দ্বারা মস্তকের কেশ গোঁপাদি চক্ষের পক্ষ ভ্রূ প্রভৃতি কেশাবলী মুণ্ডন ইত্যাদি করিয়াছি। সতী কহিলেন সে কি প্রকার। তখন সঙ্গিনী বৃন্দেরা পদ্মমুখীর পাশে আদ্যোপান্ত সমস্ত বর্ণন করিলেন গুণবতী মনে মনে অন্তরে যদ্রূপ হয় তদ্রূপ হইয়া কহিলেন যে কোন কেহ আমার প্রাণনাথে আসিয়া কেন সেহেতু এ যদ্যপি সেই পাপাত্মের দণ্ড প্রদান না করিতে তবে আমার সতীত্ব ধর্মের ক্ষয়ে অসিদ্ধতা করিবেন না। অতএব সখীরে শীঘ্র গমনে সেই বিপক্ষকে আমার নিগ্রহ ভোগ কর। আর নিশির ব্যাপার কাহাকে জ্ঞাত করা হবেনা। ইহা বিশেষ রূপেই সকলের জানিত রাখিব। কেননা গত নিশিতে যে ভণ্ড রূপ ধরিয়া আসিয়াছিল তাহাকে জামাতা বলিয়া বিশ্বাশ করিয়াছে তজ্জন্য তৎ পরিবর্তে পিতার আনিয়া এই ছদ্ম বেশীর গমন বার্তা জ্ঞাপন।

রাখিয়া চিত্ত সম্পাদন করিব অর্থাৎ সকলেই জানিবেক যে ইনিই কন্যা আনিয়াছেন ইহা শ্রুত মাত্র দাসীপুঞ্জ কহিল যে আজ্ঞা ঠাকুরাণী এ পরামর্শ প্রত্যোত্তব্য বটে শ্রীমুখের আজ্ঞা হইলেই আজ্ঞা বাহিনীরা শ্রীহরি স্মরিয়া শ্রীহরি করে রসবতী কহিলেন তবে বিলম্ব কি। দাসীগণেরা কহিল বিলম্ব আপনার হস্ত চিত্র পত্র। রসবতী কহিলেন সে বিলম্ব সবেনা দেখলো রতি কান্তের কৃতান্ত সম শরান্ত শরে আমার প্রাণান্ত হইতেছে। গজগামিনার এতাবদ্বাক্য শুনিয়া গজ গামিনী নামে এক সখী গজ গমনে রসরাজ সন্নিধে শীঘ্র যাত্রা করিলেন। এখানে কনক রাজ্যে রাজপুত্র [illegible] সুখ স্বপ্ন সংকালে হকান্তার [illegible] কষ্ট দর্শন করিতেং [illegible] অবসন্ন হইল, অনন্তর রাজপুত্র গাত্রোত্থান করত আশ্চর্য্যান্বিত চিন্তা করত [illegible] বিরহানলে [illegible] শুষ্ক তরুবর প্রায় উচ্চৈঃ স্বরে [illegible] বায়ুঃবত [illegible] উৎপাটিত ও মদনের অব্যর্থ সন্ধান পীড়িত হইয়া [illegible] অতি বাহু উচ্চৈঃস্বরে হায় প্রিয়া [illegible] ইত্যাদি স্বর নির্গত করিতেং বাটীর বাহিরে [illegible] নিকটবর্ত্তি পুষ্পোদ্যানে সকেশ [illegible] অর্থাৎ শিব নন্দিরের রোমাকে গাত্র ঢালিয়া ইতস্ততঃ লুণ্ঠিত অর্থাৎ ছটফট করিতে থাকিলেন তদনন্তর [illegible] বিরহে শোক লজ্জা ভয় ভীত ভাবিয়া [illegible] করিয়া আপনার শরীরেন্দ্রিয় প্রভৃতিকে কি রূপ ভর্ৎসনা করিতেছেন তাহা অস্মদ্দ পয়ার প্রবন্ধে নির্দ্দিষ্ট হইল।

নীলকান্তের ইন্দ্রিয় দর্শনে ও প্রিয়া পাশে যাত্রা ও প্রিয়ার প্রেরিত দাসীর সহিত সন্দর্শন ও তৎসমীপে গমন ।

অমৃতমত্ত পয়ার। মনঃস্তের ব্যবহার, এভাব কেমন না মোহিনীরে ভুলে কিসে দিলি মন॥ চিত্ত তব জানে চিত্ত আমার কেমন কারে। সে ভাবে অভাব হলে দিতে তার কাছে॥ কার দুঃখে বক্ষ বক্ষি বোঝা হই চই। কেবল গর্ভতা হয়ে কর হই হই॥ কামরে কিকাসে ভুলে [illegible] ছ কাম। কি উত্তর দিবে এবে সখীদের কাম। [illegible] করে [illegible]। কোথায় [illegible] কোথায় [illegible]। [illegible] বিচ্ছেদ কি আছে তার মত, [illegible] [illegible] কেন সহ। [illegible] কি [illegible] [illegible]। [illegible] হলে [illegible] [illegible] [illegible] একবার [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কি [illegible] [illegible] [illegible] [illegible]॥ [illegible] হইতে [illegible] আছবে [illegible]। [illegible] কি [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]। কর [illegible] [illegible]॥ কি ভ্রমে [illegible] পাপ ভ্রম [illegible] [illegible] প্রিয়া রাজা পাশে। [illegible] [illegible] একবার [illegible] প্রেমে [illegible]॥ [illegible] ভাবে সব। জীবিত হইতে কেন হইতেছ শব॥ [illegible] ভাবে [illegible] হয়ে থাক যদি সবে [illegible] [illegible]

বাল্য কত জ্বালা সবে॥ বিবাহ অবধি স্মৃতি হইয়াছে ভ্রম। ইথে কি তোমার বড় হতেছে সম্ভ্রম॥ ছিছিং ছিছিং ছাড় দ্বেষাদ্বেষ। সম ভাবে সবে চল যাই সেই দেশ॥ আহার করিছ কেন কুমন্ত্র সন্দেশ। ইহাতে কেবল ক্ষয় হতেছে সন্দেশ॥ হৃদয় তোমাকে লোকে কহে ধর্ম্মশীল। তবে যে নিদয় প্রায় হইয়াছ শীল॥ রাজপুত্র সকলে বুঝায় এই রূপে। কিন্তু দেহ দহে সদা ভাবিয়ে সেরূপে॥ পুনঃ বিরহ জ্বালা নাপারি সহিতে। চুপি রায় ডাকে নায় ঘোটক সহিতে॥ আজ্ঞা মাত্র সম্মুখে সহিস অগ্র হয়। নাথকান্ত বলে ত্বরা আন মম হয়॥ অমনি সহিস শীঘ্র যোগায় তুরঙ্গে। মৃগয়া ছলেতে সাধ ত্যজে চতুরঙ্গে॥ না জানিল রাজা রাণী এসব ব্যাপার। চলে রায় ভার্য্যা নির্দ্দিষ্ট করিতে ব্যাপার॥ দৃশ্যাদৃশ্য তস্য রূপ যেন ভোজ বাজি। বিরহ জ্বালায় বেগে চালাইল বাজী॥ কত দেশ যায় নিজ রাজ্য পরিহরি কৃষ্ণপক্ষ প্রায় যেন হরি পুত্র হরি॥ মনেং বলে প্রাণ প্রাণ নিলে হরি। পারিতেনা স্বচেতন থাকিলে সুন্দরী॥ আহইয়ে সদা কেন হরিং হায়। একথা কহিব কায় হরি হরিং॥ গেল প্রাণ না হেরিয়ে সেরূপ লহরি। পাণি পুটে বলে দয়া কর হে শ্রীহরি॥ দেখাও হে স্বপনেতে দেখিয়াছি যায়। এই রূপ বলে আর মহা বেগে যায়॥ হেন কালে সহচারী লয়ে করিবর। সম্মুখে মিলিল পথে যথা নববর॥ আশ্চর্য্য হইয়ে রায় করে নিরীক্ষণ। ভাবেকে মাতঙ্গে এল হেরি নিরক্ষণ॥ এই রূপে চিন্তা কিন্তু করে দুইজন। মনে করে বুঝি মিলাইল সেই জন॥ সুসার হইল বুঝি অর্দ্ধ পথ আশা। আশার হইল বুঝি পরিপূর্ণ আশা॥

দোঁহে স্থির হয়ে গতি করিতে নারিলো। সাধু বলে কেবা তুমি করিতে নারীলো ।। মন গত ভাব দাসী বুঝিয়া আ- ভাসে। পরিচয় দিল তারে অমৃতের ভাষে ।। শুনিরায় সন্তাপিত প্রিয়া আবেদন। ঘোড়াহৈতে পড়ে মনে পাইয়া বেদন ।। স্বপন হইল সত্য একি চমৎকার ; প্রিয়া কষ্ট ভাবি রায় করে হাহাকার ।। উদ্ধ হাতে বলে কোথা আপত্তির গতি। পতিব্রতা হয়ে তার এতেক দুর্গ- তি ।। তোমার কি দিব দোষ সব দোষী আমি। কিন্তু প্রভু তুমি সব আমি নহে আমি ।। এইরূপে নানা খেদ করে ধরাপরি। কহিতে নারি দাসী করে সবাপরি ।। অনুমানে কার্য্য সিদ্ধি জানিয়া যুবতী। বলে দুঃখে চল যথা রসবতী ।। কান্দিলে কি হবে কত কান্দিছেন ধনী। সবাকার শবাকার হাহাকার ধ্বনি ।। মিছে খেদ কেন প্রভু কর অনাবৃত। উদ্যাপন কর গিয়া সতীত্বের ব্রত ।। তুমি ভুলে আছ নাহি ভোলে তব সতী। পতিব্রতা রাজ্যে তারে নিরত বসতি ।। উঠ কেন আর মিছা রে অসনে। দেখ যে পরাই গিয়া রমণী ভূষণে ।। দাসীর বাক্যে সুশান্ত হয়ে নীলকান্ত। উঠিয়া বসিল যেন মণি নিলকান্ত ।। নয়নেতে অশ্রুপাত প্রিয়ার্থ করে। অঞ্চলে বদন দাসী মুছাইল করে ।। প্রেমনিধি দান প্রিয়ে ত্বরা- তে করিতে। দাসী সহ উঠে রায় ত্বরিতে করিতে ।। গজ রাজ পিছে লয় বাজী বন্ধি করি। প্রিয়া পাশে অতি বেগে চালাইল করি ।। যাইতেং দাসী মনেং ভাবে। না জেনে কেমনে লয়ে যাই অনুভাবে ।। কি জানি যদ্যাপি ধনী বলে এটা কেটা। তবে এ দাসির মাথা বাঁচাইবে কেটা ।। এতেক ভাবিয়া দাসী গুড়ি দুই করে। পরিচয়

হেতু রসরাজে ছল করে ॥ অনুভাবে বুঝি রায় তার স্বমনন। স্বাঙ্গস্পর্শে বলে ইনি তার সম নন ॥ দাসীবলে যাঁর পুত্র কুম্ভিরে বিনাশে। নানা কুট মন্ত্র ফেরি ভাবে অনায়াসে ॥ এক বার রুগী হৈলে রোজা আর বার। অন্ধ কি হারায় যষ্টি আর বারবার ॥ নীলকান্ত বলে সখী আছে যেন শোনা। কষিতে পারিলে জানা যায় তাঁবা সোণা ॥ চুম্বক প্রস্তরে লৌহ করে আকর্ষণ। থাকে কি প্রচণ্ড তাপ হইলে বর্ষণ ॥ ভূতনাথ পদ ভাবি কহে ভূতনাথ সাঙ্গ হে নাগর তথা নাগরী অনাথে ॥

গদ্য। এখানে গান্ধার নগরে রাজা রাণী রজনীর বৃত্তান্ত না জানিয়া কেবল এই জানেন যে অন্যতো মুহূর্ত্তোত্থান অর্থাৎ দুই দণ্ড রাত্রি থাকিতে গাত্রোত্থান করত রাজা মেনকার্থে তুরঙ্গারূঢ় হইয়া নগর ভ্রমণে প্রস্থান করিয়াছেন, যেহেতুক রসবতী প্রাতে ঐ বাক্যই ঘোষণা করিয়াছিলেন, একারণ দিবাকর নিজ অংশুজাল সংহার করিলে উদয়াচল হইতে পূর্ণচন্দ্র পূর্ণ তামস দর্প চূর্ণ করিতে তারক মণ্ডলী মণ্ডলাকার গগন মণ্ডলে প্রকাশ পাইলেন। এতৎকালে রসবতীর দাসী রসরাজ সহিতে রাজপুরী নিকটস্থ হইয়া গজরাজ হইতে অবরোহণপূর্ব্বক সত্বর সখীর সাক্ষাৎ হইয়া মঙ্গল সমাচার প্রদান মাত্রেই রসবতী নবরসে রসিয়া রসার্ণবে নিমগ্ন হইলেন। অপিচ সহচারী গণেরা বাসর সজ্জায় প্রবর্ত্ত হইল ও কেহ কেহ রসবতীকে সুসজ্জীভূতা করিতে লাগিল।

রসবতীর সজ্জা।

লঘু ত্রিপদী। পূর্ব্ব দিন প্রায়, সতীরে সাজায়, যতেক যুবতী আসি। করে নানা বেশ, অশেষ বিশেষ,

[illegible] আনি রাশি২ ॥ হারে ঘেরি গল, ঝটিতে মেখলা, ঝটিতে আঁটিল দাসী। ধরি কুচকলি, কসিতে কাঁচলি, মরে মিলে তুলে হাঁসি ॥ পদাদি মস্তকে, দিল তোকে২, যেখানে যেরূপ সাজে। কিবা কব শোভা, রতি পতি লোভা, বিজুলি চঞ্চলা লাজে ॥ একেত সেরূপ, কটিসুধা রূপ, বিনা ভূষাতে ভূষিত। অরুণে কিরণ, দিতে বিতরণ, যেন হয়েছে উদিত ॥ বুঝি মুখ শশি, হেরে ছিল শশি, লুকো থাকি কোন দিনে। তাই মনের, মনঃ অভিমানে, ক্ষয় হয় দিনের ॥ সে অঙ্গে ভূষণ, কেবল দূষণ, সুশোভন নাহি পায়। অলক্ত যেমন, করয়ে লেপন, শিব দুর্গা উমা পায় ॥ সেইরূপ তায়, সকলে সাজায়, যাহা মনে লাগে যার। [illegible] মঙ্গল, করিতে কেবল, অঙ্গে উঠে অলঙ্কার ॥ নহে কি শকতি, হিরা গজমতি, প্রকাশিতে নিজকর। কণ্ঠহার ছলে, আরোহিয়া গলে, স্তনে সঁপে-ছে কর ॥ কেবল এযোতে, রাখিতে এমতে, ধরিয়াছে নানা সাজ। সেরূপ প্রভাতে, পদ্মিনী প্রভাতে, [illegible] করে দিবা রাজ ॥ [illegible] তায়, নাহি শোভা পায়, [illegible] যেন মেঘাচ্ছন্ন শশি। সে অঙ্গ উলঙ্গ, সদা থাকি সঙ্গ, আমি বড় ভাল বাসি ॥

[illegible]। পরে এইরূপ সজ্জা করিয়া রসবতী সঙ্গিনী সঙ্গে রঙ্গে ভঙ্গে প্রাণনাথের আশাপথ চিন্তা করিতে থাকিলেন। এখানে নীলকান্ত মাতঙ্গ ত্যজিয়া তুরঙ্গাকৃতে [illegible] লোচনার বিরহালোচনায় মনানন্দে [illegible] শ্বশুরালয়ে সমাগত হইয়া অন্যান্য ব্যাপারান্তে স্বীয় নায়িকা মন্দিরে উপস্থিত হইলেন।

রসবতীর পতিসহ লীলা।

পয়ার। রসরাজে হেরি হবে যত সখীগণ। আনন্দে প্রণমিল হরিয়া চরণ॥ আগচ্ছ আগচ্ছ বলে করে সম্ভাষণ। হংসী মধ্যে হংস যেন রাজার নন্দন॥ পুলকে পূর্ণিত অঙ্গ হইল সবার। উথলিল প্রেম সিন্ধু নাহি পারাবার॥ রস রাজে রসবতী চক্ষে করি লক্ষ। লোচনে লোচন রাখি স্থির হৈল পক্ষ॥ নীলকান্ত প্রিয়া মুখ করি নিরীক্ষণ। নেত্রে নেত্রে সমর্পিয়া এক দৃষ্টে রণ॥ উভয়েরে হেরি মোহ উপজিল। উভয়ের স্থির নেত্রে নীর দেখা দিল॥ নীলকান্ত নেত্রে যেন নব ঘন প্রায়। ঘনং বর্ষে পক্ষে বিজুলি খেলায়॥ অশ্রু তীতিল ধারা নেত্রে নাহি ধরে। চরণ আশ্রিত হৈয়ে পড়ে ধরা পরে॥ সতীর লোচন যেন সজল নিরদ। শ্বেত পদ্ম ক্রমেং হয় কোক-নদ॥ অশ্রু পাত অধর হইতে নয় ভঙ্গা। মোহ রূপী ভগীরথ আনে যেন গঙ্গা॥ হৈয়েছে সতীর নেত্র ব্রহ্ম নদি প্রায়। নিম্ন পক্ষ কমণ্ডলু শোভিতেছে তায়॥ নেত্র নীর রূপে যেন অবতরী যায়। জটা রূপ শম্ভু প্রায় পড়েন মাথায়॥ বাঘাম্বর কাঁচলি ভিজিয়া অবশেষে। নাভি রূপে মহা যোগ ক্রমেতে প্রবেশে॥ সখী যে সুবর্ণ গিরি নাভি সে সাগর। এই হেতু গিরি হইতে পড়িছে নির্ঝর॥ তথা হইতে জাতি স্রুতে জানু বয়ে যান। মনে হয় জহ্নু মুনি করেছিল পান॥ হায় ব্রহ্মা যাঁরে ধ্যানে নাহি পান। হেন গঙ্গা সতী চক্ষে আনন্দে খেলান॥ তাই বলি পতি ভক্তি কর সতীগণ। যাঁরে ইচ্ছা জ্ঞান চক্ষে পাবে দরশন॥ এই রূপ অপরূপ হেরিয়া উভয়। স্থির নেত্রে মৌন ভাবে বাক্য নাহি কয়॥ কিকরিতে কি

মিছরি শর্করা॥ রসগোল্লা রসে ভরা পান্তু ছানাবড়া। গুলা খইচুর ফেনি গোলাবি পেঁড়া॥ পায়সাম নানাবিধ পিষ্টক কচুরি। বিবিধ ভাজন ছোকা লুচি কারি পুরি॥ ঘৃতাক্ত রসাক্ত দ্রব্য এই রূপ যত। ফল মূল আদি যোগাইল কতশত॥ তবে যুবরাজ সহ যুবতী লইয়া। খাদ্য ক্রিয়া সমর্পিল আনন্দে মাতিয়া॥ পান করে তদন্তে আদি তম্রকূট ধূম। সখী গণে আরম্ভিল গীত বাদ্য ধুম॥

সখিগণের নৃত্য গীত বাদ্য।

লঘু ত্রিপদী। লয়ে নানা যন্ত্র, করি এক তন্ত্র, করে সুর সম্পাদন। কিবা পাখয়াজ, অমৃত আওয়াজ, তালিতে ফাটে গগণ॥ সেতার তম্বুর, বাজে সুমধুর, ধুঁধুরি ধরি তার। অতি খরতাল, বাজে খরতাল, সারেঙ্গে রাগিনী গায়॥ মোহিনী তখন, ভাজয়ে ঈমন, রঙ্গিনী তুলিছে তান। কি শোভা মন্দিরে, বাজিছে মন্দিরে মানিনী দিতেছে মান॥ কল্যাণী ভাহায়, কল্যাণ শুনায়, সুরমা সুরট গায়। গাইতেছে গৌরী, পূরবির গৌরী, মাতে তাল দিয়ে তায়॥ কেদারী কেদার, গাইছে কেদার, কুমারী কামদ করে। যতনে ভৈরবী, গাইছে ভৈরবী, মালতী মালকোষ ধরে॥ কেহ অবিরায়, গাইছে মোল্লার, কেহ প্রকাশিছে টরী। কেহ অভিরাট, গায় ছায়ানট, কেহ খট বাগেশ্বরী॥ বারোঁয়া পরাজে, কহ বা খাম্বাজে, জয় জয়ন্তী শ্রীরাগ। সোহেনা সেহারা, বহং সিন্ধুরার, মালসী ঝিঝিট বেহাগ॥ কেহবা কানাড়া, কেহবা কানাকড়া, কেহ হাম্বির মুলতান। বাহারে বাহার, মরি কি বাহার, বসন্তে মারিছে তান॥ রান

কেলী ভায়, ক্রমেতে যোগায়, দীপক গৌড় পঞ্চম ভৈরব আদি কত, রাগ শত২, শেষে ললিত বিভাষ। করে কত তান, লয়ে কর তাল, তাল দেয় তালে২। করে নীলকান্ত, সতী প্রাণকান্ত, নৃত্য কর সবে মিলে॥ আজ্ঞা ধরি শিরে, উঠে ধীরে২, যাহারা নাচে প্রবীণা। তবলেতে চাটী, থেলাং কিটীং, ধাকিটীং ধিনা॥ কেকে গেড়েং মেগে, থেটেত ক্রেতে গেগে, ধাকজাং২ ধুনা। ঝুং২, তানা দেরে২, তান উঠে তানা নানা॥ [illegible] লি বাজিছে, আহা কি নাচিছে, কেহবা দোলনে দোলে। করে কত ধাঁছা, দোলাইয়ে পাছা, ঠমকে২ চলে॥ পরনে থেমটা, খুলিয়া ঘোমটা, কেহবা করেতে ধরি। আড়ে ফিরে যায়, আড়ে২ চায়, হায়২ বলিহারি। [illegible] কেওড়া লয়ে, কিড়িকুটি বাজায়ে, দোথাক ক্রেথাক গান। ধারেঙ্গ নিয়ত, বেহাগের গত, বাজিছে সারিঙ্গা তান॥ মাতিয়া তালেতে, হেলাতে হেলাতে [illegible]তে নহেক ভীনু। পদেতে মধুর, নূপুর ঝুনুঝুনু, লদ [illegible] ঝুন ঝুন॥ হেলাইয়ে বুক, ফেরাইয়ে মুখ, ধীরে২ [illegible] আসে। কেহ বাহু তুলি, চলে টলি২, কখন বা রুষে [illegible]। আর কোন ধনী, জড়ি পাট বেণী, চিত্তারে পাড়ুয়ে [illegible]। কভু বা নাচিছে, কভু বা উঠিছে, নয়নেতে ভাব [illegible]। এমত অপরূপ, মনোহর রূপ, যতেক যুবতী গণ যা তিলোত্তমা, সদৃশ উরমা, নৃত্য করে ঘনং। [illegible] হেরি রাম, মধনেতে চায়, কামেতে হয়ে পীড়িত। সতী কহে তায়, যে দেখি তোমায়, কর পাছে বিপরীত॥ নরেশ নন্দন, কহেন তখন, দেখিলে আছে কি [illegible] রসবতী কয়, শুন মহাশয়, জঞ্জনা মানে কি

রসবতীর পতি প্রতি উক্তি।

পয়ার। সতী কহে পতি প্রতি এ আর কি রঙ্গ। তি চুরি করিতে কি হৈলনা আতঙ্ক॥ নিদ্রিতা জনের দ্রা না করিয়া ভঙ্গ। কেমনেতে বিবসনা করিলেহে ঙ্গ॥ দাসী হই বলে বুঝি করিয়া উলাঙ্গ। মন সাধে মনোযাদে হেরিলে সর্ব্বাঙ্গ॥ মধুস্বাদ সাধে সখা কলে স্মি ভৃঙ্গ। হেলায় করিলে লঙ্ঘ পর্ব্বতের শৃঙ্গ॥ সরো হ দাহিলে হে প্রমত্ত মাতঙ্গ। বলহে পুদিত পাদ্মে স কি পতঙ্গ॥ আত্মহরা প্রায় কর যে উপায় সঙ্গ। কেন পাড়িয়ে পায় তার আশা ভঙ্গ॥ অনুরাগ করি খাও গাঁজা ভাঙ্গ। নহে কেন ফাঁকি দিয়া কর রঙ্গ দ। বনে২ ফিরিতে হে চাপিয়া তুরঙ্গ। ধনুতে বধিতে ও বিহঙ্গ পতঙ্গ॥ ধনু ধারী রাখে নাকি দয়ার প্রসঙ্গ। ক্ষা তার আছে সখা নিষ্ঠুর অনঙ্গ॥

প্রত্যুত্তর।

পয়ার। নীলকান্ত বলে প্রিয়ে তাত জান পষ্ট। ষ্ঠুর অনঙ্গ অতি সবে দেয় কষ্ট॥ পরে ত্বরং ষ্ট রিল যে দৃষ্ট। তাই করি হেন কর্ম্ম কেন হও রুষ্ট। রে শর হৈতে তব লোচন উৎকৃষ্ট। সেই জন্য নাহি রি নিদ্রার অনিষ্ট॥ কি জানি প্রিয়সী যদি কর ধর ষ্ট। তবেত জ্বালায় জ্বালা বাড়িবে অরিষ্ট॥ সহিতে পারিব কিনা কষ্টোপরি কষ্ট। সেই ভয়ে তব নিদ্রা নাহি করি নষ্ট॥ ইথে যদি হৈয়ে থাকি দোষেতে দুষ্ট। ভাল মন্দ যাহা হয় করলো নির্দিষ্ট॥

রসবতীর মান ও মানভঞ্জন ও নীলকান্তের স্বদেশ গমন।

পয়ার। রসবতী বলে কি বলিব রসরাজ। স্বপন

ফুরিতে তব নাহি হৈল লাজ। চাহিলে কি পেতে নাহে প্রাণ প্রিয় বঁধু। কেননে নিদ্রিত পদ্মে খাইলেছে মধু।। যেবা হে নিতান্ত তব চরণ ভাগিনী। সেকি কভু নহে ওহে মধু প্রেয়াসিনী।। এত দিন ধরে রেখে লক্ষণের ফল। এক্ষণেতে বিলক্ষণ পাই তার ফল।। স্ববলে করিলে সখা স্বকার্য্য সফল। আমার হইল ফল কেবল বিফল।। এতেক বলিয়া ধনী করি অভিমান। অম্বরেতে সম্বরিয়া থাকে স্ববয়ান।। মৌনব্রতে ব্রতী হৈয়ে নম্র শিরে রন। একপ হেরিয়া রায় ধিরে২ কন।। কেন প্রাণ অভিমান কর আমা প্রতি। অপরাধি হই যদি তবু তব পতি।। যদি তাপে লঘুপাপে গুরু দণ্ড হয়। বল প্রিয়ে দেহে প্রাণ কেমনেতে রয়।। রতি চুরি হেতু ইথে এত অভিমান। দাও ফিরে সেই ফিরে মান ত্যজ প্রাণ।। নাহি দিলে লহ প্রিয়ে পিরীতি রতন। লহ২ ফিরে লহ বদন চুম্বন।। লহ প্রাণ আলিঙ্গন সুধামৃত পান। সেই ফিরে প্রাণ তোমারে লহ এই প্রাণ।। ইথে যদি অভিমান নাহি ক্ষান্ত পূর্ণ। দন্তুর ওষ্ঠরে দণ্ড করহ তূর্ণ।। মন চোরে বাঁধি রাখ হৃদি কারাগারে। কটাক্ষে গরল দৃষ্টি কর বারে২। নখ দন্তে দণ্ড দিয়া কুচ গিরি বক্ষে। পদে রেখ পে[illegible] কে করিবে রক্ষে।। ভুজ ভুজঙ্গম পাশে রাখিয় অবার। কেশ আকর্ষণে কর নিতম্ব প্রহার।। ইত্যাদি নিগ্রহ ক্ষান্ত নাহি হও প্রাণ। অভয় প্রদান করি চোর কর ত্রাণ।। এত বলি ধরে রায় প্রেয়সীর পায়। সেকি এ[illegible] বলি ধনী পড়ে পতি পায়।। অকল্যাণ হৈলর পদর[illegible] দাও। কেন গুরু গুরু পাপে ফেলিবারে চাও।। ক্ষম[illegible] অপরাধ স্থান দিয়া পদে। কত অপরাধী দাসী আ[illegible]

পয়ার ॥ স্তব সুধা বাক্যে অঙ্গ হৈল হে শীতল। অভি-মানে অনুরাগ গেল রসাতল ॥ এই রূপ রসভাবে নিশি অবসান। অলসে অবশ দোঁহে দিবা নিদ্রা যান ॥ সমর পাইয়া তবে হয় নিদ্রা ভঙ্গ। আহার বিহারে সদা অনঙ্গের সঙ্গ ॥ এইরূপ কিছু দিন তথায় রহিয়া। স্বদেশে গেলেন রায় সঙ্গে লয়ে প্রিয়া ॥ যোড় করে সুতনাথ করে নিবেদন। পতি প্রতি দৃঢ় ভক্তি কর সতীগণ

সাধু পুত্রের অভাবে তদীয়াঙ্গনার দুঃখাদির অতিক্রম।

গদ্য। ইতিপূর্ব্বে ঐ ছদ্মবেশী সাধু পুত্রের প্রমোদাগারে মোহিনী নামে উহার বনিতা। উহার সহিত একাকিনী কালযাপনে রহিত হইয়া স্বগৃহে মনে মনে নানাবিধ চিন্তা করত একাকিনী দুঃখিনীর ন্যায় থাকতেন। পরে দিবাবসান হওত নভোমণ্ডলে মণ্ডলাকার সুধাকর নিকর কর প্রকাশে বিরাজমান হইলেন। তদ্দর্শনে ঐ কুলবালা রজনীকান্ত কান্ত সদৃশ জ্ঞানে ও মদনের পঞ্চশরে কোকিলের পঞ্চস্বরে ও মন্দ২ মারুত আন্দোলনে থর২ থর২ কম্পিত কলেবর হইয়া চিন্তা করিলেন যে অদ্যকার দিবা কষ্টে কাটাইলাম কিন্তু নিশা কাটাই দায় হইল। আমার যৌবন তরণী কাণ্ডারী বিহীনে বুঝি ঘোর বিরহ সাগরে নিমগ্ন হওনের সম্ভাবনা হায়২ উপায় কি। হে প্রেম নাবিক আপনি এ জীর্ণ তরণী পরিত্যাগ পুরঃসর কোন তরুণ তরণীর কাণ্ডারী হইয়াছ, ভাল হওয় সুখে থাক তাহাতে এদাসী সুখী বটে, আহা ভাল থাক ভালবাসি প্রত্যাগমনে সন্তুষ্টা হইব। এতদ্রূপ হাহাকারে প্রতি রজনী প্রভাতে এক দিন প্রভাতে মনে২ চিন্তা করিলেন।

এ অবধি গুণনিধি এদাসীরে ভুলিয়া কোথায় রহিলেন কি কাহার কুহকেই পড়িলেন কি আমিই মনোমত নহি ইহা ভাবিয়া মনোমত অঙ্গনা সঙ্গে রতিরঙ্গেই বা মাতিলেন তাহা কিছুই বুঝিতে নারি কিন্তু নারী হইয়াও এবম্বিধ পোড়া পোড়া মদনের পোড়াতে আর পুড়িতে পারিনা। এরূপ নানা চিন্তার্ণবে মগ্ন হইয়া আশু উপায় স্থির করিলেন যে স্বামীর নিকট কোন দিবস শ্রুত আছি যে স্ত্রীগণেরা উপপতি প্রতি প্রীতি করিলে অত্যন্ত প্রীতি পায় এবং উপপতি পতি অপেক্ষা অধিক স্নেহ প্রকাশ পূর্ব্বক ঐ উপপত্নী দিগকে যথেষ্ট ভাল বাসে। এবং যে রমণী স্বকান্ত ভিন্ন অন্য কান্তে রতি সম্প্রদান করেন তাহার বুদ্ধির তীক্ষ্ণতা অত্যুত্তম রূপে সম্পাদন হয়, আর যে পুরুষ স্পর্শ করিলে স্ত্রীগণেরা যেন স্বর্গ মার্গ দর্শন পায়েন। অতএব এই সকল ব্যাপারে যে কি রূপ ব্যাপার তাহা আমার অগোচর। কিন্তু সেই বিরহিণীর পীড়াদায়ক অন্যায় কৃতান্ত সম দুর্দ্দান্ত বসন্ত পতি হইতে যুক্তি আমার গোচর হইল। ইত্যালোচনা করত গৃহ হইতে নির্গত হইয়া ইতস্তত অবলোকন করিতে থাকিলে। হেন কালে সন্ধ্যার প্রাক্কালীন সেই গ্রামের গ্রাম্য কোটাল খুদিরাম সর্দ্দার ঐ পথে গমন করিতেছিল। তখন মোহিনী ঐ কোটাল পুত্রকে দর্শন মাত্রেই ভাবিলেন যে কেন আর কালান্ত কালের ন্যায় কন্দর্পের দর্পে প্রাণান্ত হই এই কোটাল রত্নকে যত্ন করিলে এই পাপ স্মর শরে অবসর পাইতে পারিব, সুতরাং ইহা ভাবিয়া ঐ গ্রাম্য কোটালকে হাস্যাননে দক্ষিণাক্ষ উন্নাক্ষ ও বক্র নেত্রে চঞ্চল দৃষ্টি করত কহিতেছেন। হাঁগা ঘর পোড়ার দাদা

একবার আমাদের বাড়ীতে এসনা গা। খুদিরাম কহি-লেন কেনগা। মোহিনী কহিলেক ওগো আমার একটি কথা আছে কোটাল পুত্র কহিলেন ভাল এই খানেই বলনাগা। মোহিনী কহিলেন সে অতি গোপন কথা, ইহা বলিয়া ঈষদ্ধাস্যে নয়ন ভঙ্গিতে ইঙ্গিতে রঙ্গেতে স্তনদ্বয় দিগাম্বর করিয়া পুনঃ অম্বরে সম্বরণ করিল অর্থাৎ স্তনযুগল হইতে বস্ত্র হরণ করিয়া আবার আচ্ছাদন করিল। তখন ঐ পীনস্তনীর স্তনদ্বয় খুদিরাম দর্শন মাত্র গাত্র শিহরিয়া মদন মাদনের মত্ততা প্রযুক্ত চঞ্চল চক্ষে এই বাক্য প্রয়োগে মোহিনী সহিতে বাটিতে বাটীতে প্রবেশ হইল। পরে মোহিনী অমনি নির্জ্জন পাইয়া নিজ পালঙ্কে উঠিয়া কোটাল পুত্র সঙ্গে রঙ্গে ভঙ্গে দৃঢ়তর আবেশ প্রগাঢ় আলিঙ্গনে মদন বাণ ছেদনান্তে অতি হৃষ্টা হইলেন। তথাচোক্তং।

শ্লোক।

নস্ত্রীণাং মপ্রিয় কশ্চিৎ প্রিয়োবাপি নবিদ্যতে।
গাবস্তৃণ মিবারণ্য প্রার্থয়ন্তি নবং নবং ॥

অর্থ। পণ্ডিতেরা ইহাই কহিয়াছেন যে স্ত্রীগণের অপ্রিয় কেহ নাই, প্রিয়ও কেহ নাই, যেমন গরু সকল বনেতে নব নব ঘাস প্রার্থনা করে সেই রূপ নূতনং পুরুষ স্ত্রীগণেরা প্রার্থনা করে।

এবং পুরুষও তদ্রূপ। পণ্ডিতেরা কহিয়াছেন।

শ্লোক।

নাগ্নি স্তৃপ্যতি কাষ্ঠানাং নাপগানাং মহোদধেঃ।
নান্তকঃ সর্ব্বভূতানাং ন পুংসাং বামলোচনা ॥

অর্থ। কাষ্ঠেতে অনল তৃপ্ত কভু নাহি হয়। নীচগা

নদীতে জলনিধি তৃপ্ত নয় ।। প্রাণিতে না হয় তৃপ্ত যম মহাশয় । পরাঙ্গনা প্রাপণে পুরুষ তৃপ্ত নয় ।।

এবং ঐ কবিতার অর্থ স্ত্রীদিগের প্রতিও তারতম্য হয় তাহা গদ্য ছন্দে নিবন্ধ করিলাম ।

কাষ্ঠেতে অগ্নি তৃপ্ত হয় না, নদীতে সমুদ্র তৃপ্ত হয় না, সমস্ত প্রাণিতেও যম তৃপ্ত হয় না, পুরুষেতে স্ত্রীলোক তৃপ্ত হয় না ইত্যাদি ।

শ্লোক ।

স্বচ্ছং গুণাশ্রয়ং কীর্ত্তি যুতঞ্চ কান্তং পতিং রতিজ্ঞং
সধনং যুবানাং । বিহায় শীঘ্র বনিতা পরং
নরং প্রয়াতি হীনং গুণ জাতি রূপৈঃ ।।

গুণাধার কীর্ত্তিমান সুন্দর বরণ । রতিবিজ্ঞ ধনবান, তরুণ যৌবন ।। হেন পতি ত্যজি গুণ রূপ জাতি হীনে অকাতরে রতি দেন সকল স্ত্রীগণে ।। অতএব ইত্যাদি ।

পরে ঐ মোহিনী সারা নিশা মদনোৎসবে মত্ত হইয়া প্রাতে মুক্তাবেণী হইয়া খুদিরাম বাবুকে বিদায় দিলেন । তখন ঐ হটাৎ পতি ফটাৎ২ শব্দে চটাৎদ্বার খুলিয়া ফটাৎ২ পাদুকার ধ্বনিতে নটাৎ বহিস্কৃত হইয়া স্বভবনে গমন করিতে২ আহ্লাদে ভাসিতে২ হাসিতে২ ভাবিতে২ যে আঃ এপাড়ার মধ্যে লোক্কাতো আমি । মোর রূপগুণে মেয়ে গুলো উপর পড়া হয়, রাত্রে কম মজা হ গেছে তবু দাঁতে মিসি দিয়ে যাইনি ও মাথা ঘষি টেড়ি কাটিনি, আঁখি ঠেরিনি, নাহউক মেয়ে মানুষ এ কথায় বস করিতে পারি । কিন্তু রমাথ দের বৌটা এ উপরপড়া হলোনি । ভালো যাক দুদিন হতে হতে হচ্ছা, এখন নৈতুন রসটা দিন কতক খেয়ে নিই ।

রূপ ভাবিতেং যাইতেং নাকি সুরে একটি টপ্পা গাই-তেছেন সে টপ্পা এই।

তাল খেম্টা। রাগ চণ্ডাল।

ছোকরার পীরিতি চুকরী তোরে দেখাবো।

দুটা থমা থরে মানের ঘরে চটপটে ঘা লাগাবো।।

এইরূপ টপ্পাটী গাইতেং বাটী গমন করিলেন অন-ন্তর রজনি যোগে ঐ কোটাল নাগর সওদাগর নাগরী আগারে উপস্থিত হইবা মাত্রে মোহিনী মহা সুখে সুখী-হইয়া কহিল ওহে প্রাণকান্ত এদ্যো তোমায় না হেরে দণ্ডে প্রাণ ছিলনা ওহে তোমায় দর্শন করিতেং ও আমার পলকে প্রলয় ইহা শুনিয়া কোটাল বাবু কহিলেন তুমি আমার জন্যে ভেবেছ, আমি বাগান, বাগান, আমবা-গান, জলের ঘাটে, টপ । ইহার তাৎপর্য্য ঐ সব যুবতী গণ বহিদেশে গমন করিবা সরোবর তটে গাত্র মার্জ্জন করিতে ছিল তখন ঐ কোটাল বাবু তন্নিকটস্থ আম্রো-দ্যানের মধ্যে প্রচ্ছন্ন বেশে থাকিয়া নীর মধ্যে এক লোষ্ট্র নিক্ষেপ করিয়াছিল। এইরূপ বিবিধ কথোপকথনে হাস্য-রসে রতি কৌশলে যামিনী প্রভাত হইল ও খুদিরাম বাবুর সেই পর্য্যন্ত বাটী যাওয়া ক্ষান্ত রহিল। ক্রমে নিত্যং নিত্য সেবায় উভয়ে নিযুক্ত হইল। অনন্তর মোহিনীর স্বামী সাধু পুত্র রূপধর দাসী কর্তৃক অপমা-নিত অভিমানে কেশ শূন্য মস্তকে বাসাচ্ছাদন পূর্ব্বের অর্থাৎ নেড়া মাথায় চাদর বান্ধিয়া থিকিং চলিতেছে ন এবং রসবতী কর্তৃক প্রাপ্ত যে বজ্রবাণি পরিত্যজ্য ইত্যা-দ শ্লোক তাহা মনেং চিন্তা করিতেং দিবাবসান সময়ে গৃহ নিকটস্থ হইয়া তাহাদের হাস্য পরিহাস্যাদির হাহা

কর শুনিয়া বিস্ময়াপন্ন হইয়া, গবাক্ষ দ্বারে দৃষ্টিপাত করত ক্রোধে গর২ থর২ কম্পিত কলেবর হইয়া ঝটিতে বাটীতে প্রবেশ করিয়া গৃহের দ্বার খোলা, গৃহের দ্বার খোলা, এই বাক্য প্রয়োগে মস্তকে হস্ত দিয়া বসিলেন এবং ভাবিলেন যে রাজকন্যা যে যক্ষবাদি পরিত্যজ্যাদি শ্লোক পাঠ করিয়াছিলেন তাহার ফল আমি প্রত্যক্ষই পাইলাম। হায়২ আমার ভার্য্যা অতি ধৈর্য্যান্বিত ছিল কেবল আমার পাপেই প্রিয়া পাপিনী হইল। আহা আমি কি কুলাঙ্গার জন্মিয়াছিলাম কুলাঙ্গার করিলাম এইরূপ বহুবিধ খেদোক্তিতে কতশত দীর্ঘ শ্বাস পরিত্যাগ পুরঃসর অসার সংসারে পরাঙ্মুখ হইয়া দণ্ডীবৎ আপনাকে মানিয়া হে পরমেশ্বর জগদীশ্বর গজ্জম্ভ অনাথ দীন হীনে রক্ষাংকুরু২ রক্ষাংকুরু ইত্যাদি দৃঢ় ধ্যানে বনগামী হইয়া সাধু সঙ্গ লইলেন॥

সাধু সুতের সাধুসঙ্গ ব্যতীত উপরোক্ত সমস্ত বৃত্তান্তের তাৎপর্য্য এই যে পরস্ত্রীতে আসক্ত হইলে স্বস্ত্রীকে পর পুরুষ ভোগ করে আর পর পুরুষে স্ত্রীগণের অতি প্রীতি হয় এতাবতাস্ত্র স্ত্রী সন্নিধে প্রস্তাব করিলে স্ত্রীগণের কুলাচার অতিক্রম করেন অর্থাৎ কুপথগামিনী হন অতএব স্ত্রীরত্ন বিদ্যারত্নবৎ অতি যত্নে রাখিবেন যেহেতু বিদ্যা প্রত্যক্ষ ব্যতীত পরস্থ রাখিলে বিপক্ষবৎ হয়েন

অনন্তর ঐ সওদাগরের স্ত্রী উপপতি সহিত অতি নিষ্কণ্টকে মদনোৎসবে থাকিলেন পরে একদা ঐ ধূর্ত্ত চান ঘোহিনীর গলদেশে হস্ত সংলগ্ন পুরঃসর কহিলেন যে প্রাণ আজ মোর পিঠে খেতে বড় ইচ্ছা গেছে মোহিনী কহিলেন সখা তার চিন্তা কি এক্ষণে প্রস্তুত করি

...হা বলিয়া তূর্ণ তণ্ডুলাদি চূর্ণ করিয়া সরু চাউলী ...লী আদি সস্কলি অর্থাৎ আস্কে ও গোধূমাদি গুঁড়াতে অর্থাৎ ময়দা প্রভৃতিতে পুরী কচুরী পুপ অর্থাৎ লুচি ...ই আদি বিবিধ পিষ্টক পাকান্তে পাত্র পূর্ণ করিয়া এ কোটাল পুত্র বাবুকে ভোজনার্থে সাদর পুরঃসর সম্বোধন করিতেছেন। এসোহে এসো বলি ও বর্ণচোরা মনোচোরা এসোনা শুনিতে কি পাওনা। ইত্যুক্তি শ্রবণ মাত্র খুদিরাম বাবু আহ্লাদে অঙ্গ টলং ঢলং খলং সম্যানলে রসিকতা করিলেন। যে মোকে মনি চোরা ...দের ...পাল বলিলা মুই পিঠা খাবুনি। মোহিনী কহিলেন ছি ছি প্রাণ ওকথাও বলে। আমার আদি তোমায় ভালং খাওয়াই ইত্যুক্তে যে সকল দ্রব্য পাত্র দ্রব্য তাহা হস্তে লইয়া খুদিরাম বাবুর বদন ব্যাদন করিয়া গ্রাসাপণ করিবা মাত্র খুদিরাম রামং শব্দে থু থু করিয়া ফেলিয়া কহিল। যা যা যা। তুই কি ...পেকের পিঠা খাওয়াস্ ঘিয়ের গন্ধে বমি আসে না মোদের ...দের কাছে পিঠা গড়া শিখে আসগে যা। ...দের বৌকে জানিসতো সেই চিনিবাসের মা, বার ...মুই নাম দেখে কায়েত বামুনের মেয়েরা মনাং করে ...তার শিখে যায়। মোহিনী ঐ সকল উক্তি শুনিয়া ঘৃতাক্ত ...তৈও যে সকল পিষ্টক তাহা থালা ভরিয়া খুদিরাম বাবুর সম্মুখে রাখিয়া কহিল। এইবার খাও দেখি প্রাণ। খুদিরাম বাবু কহিলেন মোকে তুলেং দে মুই হাঁ করি কিন্তু মুই তোর কোলে সুয়ে খাবো আছ্য়। তাই ভাল বলিয়া মোহিনী ঐ কোটাল পুত্রকে কোলে শোয়াইয়া পিষ্টক

খাওয়াইতে লাগিল। পরে কোটাল বাবু রসিকতা করিয়া কহিলেন। আহা তুই যেন যশোদার কোলে কৃষ্ণ দোলে মোহিনী কহিলেন ছিছি প্রাণ অমন কথা কি বলিতে আছে খুদিরাম কহিল তুই বড় পাজিস ভাল মানুষেরা ঠাকুর দেবতার কথা নইলে ঠাট্টা তামাসা করে না, তোমার মুখে কেবল শুদ্ধ পোরান, পোরান, পোরান। এই রূপ রস ভাবে ক্ষুধা নাশে পিষ্টক ভক্ষণ করিয়া আচমনান্তে পরস্পরোপরি উপবিষ্ট পুরন্দর কামদেবের হস্তের দুয়ে হস্তে ক্রমে বাজিযোগে নিপুণ হইলেন। পরে একদা দিবা বসান সময়ে পবনের গমনাভাবে গুরুতর গুমট প্রযুক্ত খুদিরাম বাবুকে মোহিনী কহিলেন যে প্রাণ সখা প্রাণ যায় ভাই বাতাস বিনে আয়ুঃ শেষ প্রায় দেখিতেছি কি করি উপায় কি খুদিরাম বাবু কহিলেন তবে চল বি ছাতের উপর চল। মোহিনী কহিলেন ছাতে যাইবার সিঁড়ি নাই কি প্রকারে ছাতে যাইতে পারি। খুদিরাম কহিলেন আচ্ছা, আমি ফিকির করিতেছি। ইহা ক্রমে সংযোগে এক শিকা রূপক করিয়া অধোভাগে খুদিরাম বাবু রমণীকে তাহাতে বসাইয়া আপনি কো উপরে ছাদোপরি আরোহণপূর্ব্বক উক্ত শিকা সহায়ে মোহিনীকে উত্তোলন করিয়া আনন্দে রতি বিহারে প্রবর্ত্ত হইলেন। পরে অবরোহণ কালীন ভারপ্রযুক্ত উক্ত দড়ি দুর্ব্বল হইয়া খুদিরাম বাবু পুনঃ গতি সঙ্গে শিকা ছিঁড়ে আসিয়া কহিল। হেদে গো প্রাণ, ওই শিকাটাতে বসো আমি নীচের থেকে টেনে নামাই নইলে আর অন্য উপায় নাই মোহিনী কহিলেন সে কি প্রাণ ইহাতে যে প্রাণ যায়

॥ খুদিরাম বাবু কহিলেন দূর তুই বড় জানিস দাড়ি ধা কত পাংকোয়ার ঘাটি তোলা হয় আর এ কর্ম্মটা ...ব না দেখ শিকের চাপ। মোহিনী এইরূপ কথা তোতা...র বাক্যে বিষণ্ণ হইয়া তৎক্ষণাৎ শিক্যারোহণ করিয়া তৎক্ষণাৎ সন্নাস্তুপে পতিত নাত্রে সূদ, পাড়ের উপরে ...ন করিলেন। এইরূপ অসঙ্গতি দ্বারা উভয়ের বাক ...ও খুদিরাম বাবুর প্রাণদণ্ড হইল। অনন্তর আকাশ ...ণী হইল যেমন কর্ম্ম তেমন ফল অবশ্যই ... ...। তথাচোক্তং।

শ্লোক।

ত্রিভির্বর্ষৈস্ত্রিভির্মাসৈস্ত্রিভিঃ পক্ষৈস্ত্রিভির্দিনৈঃ।
অত্যুৎকটৈঃ পাপপুণ্যৈরিহৈব ফলমশ্নুতে॥

অর্থ। পণ্ডিত কর্তৃক আহা, ব্যাখ্যাত হইয়াছে অতিশয় পাপ কি পুণ্য তাহা কর্তৃক যে ফল তাহা তিন দিবসে তিন পক্ষে বা তিন মাসে অথবা তিন বৎসরেতেই প্রাপ্ত হয়।

গীত। রাগিনী ঝিঁঝিট, তাল ঠেকা।

রমণী রতনে যদি এত সাধ মনে।
চেতন রূপা রমণীরে কর আলিঙ্গন॥
কামিনী নবীন কালে, লইয়া রে কর তলে, ... নিজ ভবে, কেন রে লুণ্ঠন। ত্যজরে বিফল ফলে, লোভিনেরে চারি ফলে, চলরে সমস্ত দলে, করিতে রমণ।
বিচ্ছেদের অন্ধকারে, কির... প্রেমবরে. কেন ...য়েছ, হৃদ জ্বালাতন। তাই তোরে বলি আমি, সেই প্রেম কর প্রেমী, বিচ্ছেদের ছেদ যথা হয় সর্ব্বক্ষণ॥

নীলকান্ত রসবতীর তত্ত্বজ্ঞানের তত্ত্বে প্রবর্ত্ত।

গদ্য। এখানে নীলকান্ত স্বীয় রাজ্যে রসবতী সহিত কাল যাপন করত একদা রজনী যোগে স্বদারা সমভিব্যাহারে বিহারার্থে বাটীর পার্শ্ববর্ত্তী কুসুমাটবীতে সমাগত হইলেন। পরে তথা মন্দ২ মারুৎ আলিঙ্গনে ও বিবিধ পুষ্পের গন্ধে ও নানা জাতি পক্ষির ধ্বনিতে ও সুধাকরের সুধাসিক্ত জ্যোতিতে উভয়ে ফুলধনুর শরাঘাতে হইয়া রতি প্রভৃতি বিবিধ ক্রিয়ায় মনোভিনিবেশ করত নীলকান্ত স্বীয় প্রেয়সী প্রতি প্রশ্ন প্রস্তাব করিলেন যে হে পিকস্বনি নিষ্কলঙ্ক সুচারু চন্দ্রমুখি এই ধর্ম্মশালা সংসারে মানবগণের জন্ম গ্রহণ করিয়া কর্ত্তব্য কি তাহা আমারে প্রকাশ করিয়া কহ দেখি। রসবতী কহিলেন হে হৃদয়নাথ আপনার শ্রীপদপঙ্কজের অনুগ্রহেতে এ অধিনীর যদ্রূপ শিক্ষা তদ্রূপানুসারে নিবেদন করিতেছি। হে প্রিয় হে কান্ত শ্রবণে শ্রবণপাত করুন। মানবগণের কর্ত্তব্য এই যে প্রথমে বিদ্যাধ্যয়ন করিবে দ্বিতীয়ে ধনার্জ্জন করিবেক, তৃতীয়ে সেই ধন দ্বারা ধর্ম্মার্জ্জন করিবেন ইহাতে চতুর্থে চতুর্বর্গ প্রাপ্তে পরমাহ্লাদে পরম পুরুষ পরাৎপর পরমেশ্বর লভ্য করিতে পারেন ইহার বিপরীত হইলে বিপরীত হওনের সম্ভাবনা।

তথাচোক্ত। শ্লোক।

প্রথমে নার্জ্জিতং বিদ্যা দ্বিতীয়ে নার্জ্জিতং ধন
তৃতীয়ে নার্জ্জিতং পুণ্য চতুর্থে কিং করিষ্যতি॥

এতদ্রূপে দম্পতির বিবিধ প্রকার প্রশ্নোত্তর হইতে থাকিল পরে সেই উদ্যানের প্রান্তভাগে কোন পর

...দের বক্তৃতা উহারা শ্রবণ করিয়া তৎপথ গমনেচ্ছুক ...য়া কাল যাপনে নৈপুণ্য হইলেন।

...পরমহংসের বক্তৃতা যাহা দম্পতিরা শ্রবণ করিল।

আত্ম তত্ত্ব।

ত্রিপদী। ... ভব কিবা ভ্রম, কর কিবা পরিশ্রম ...নব বিক্রম ধরিয়াছ। ক্রমেই ভব ক্রমে, ...র ক্রমে, তারোপায় কিবা করিয়াছ॥ পরিজনগণ ... পরিহাস করি রঙ্গে, পরিণাম আছ পড়ি ... ...র মত্ত হবি, জ্ঞানমগ্নপ্রায় হবি, তার চিন্তা কে লই... করি॥ ... বিজয়ের গর্ব্ব, বিসর্জ্জ করিলে গর্ব্ব ... দ... ধন ধরে। ... দিবাকর, তখন দি... ...কর, দিবাকর নন্দনের করে। ... সংসারাবে ভব, ...ছে জনরব, আয়ু বারি শোষে ... করি। ... ...হংসের বিহনে ... পাবে॥ ... ...পি হবে ... অচেতনে সচেতন ... ...ত করি ... ...ত কর॥ উদক হইলে ... ... পক্ষে সুদিন ঘটিবে। মায়া জাল করি ছিন্ন, ...র ভিন্ন, সদানন্দে কেলী আরম্ভিবে॥ ... ...র জলে, ক্রমেতে সহস্র দলে, হংস গিয়া হইবে প্রবে... ... সেইকালে ধরি তারে, রাখিয়া মনি মন্দিরে, দিন ...ন্দে ভাবিবে দিনেশ॥ ষড়চক্র করি ভেদ, ষড়চক্রে ...চ্ছেদ, ... আশায় রত হও। সদা শমন ...

কররে নিদিধ্যাসন, নিত্যং অনুষ্ঠানে রত।। অর্থী
এই সংসারে, সার মাত্র সারাৎসার, পরাৎপর যি
হন নিত্য। থাকিয়া অতি নির্জ্জনে, ভাব সেই নিরাঞ্জনে
সত্য হইতে পারে সত্যং।। বেদাদি ষড় দর্শনে, র
সেই অন্বেষণে, ব্রহ্মা বিষ্ণু আদি যত মুনি। ত
সদা ভব চিন্তে, ভাবিয়া একান্ত চিত্তে, অচিহ্নিত হ
চিন্তামণি। ধ্যানাতীত জ্ঞানাতীত, বর্ণাতীত শব্দাতীত
দর্শনাতীত আদি দৃষ্টাতীত। তথাচ যে সর্ব্বব্যাপ
জনশ্রুতি সর্ব্ব ব্যাপী, অস্তি বাক্যে জগত প্রতীত
হইয়ে বিবেক নাস্তি, কেন কর নাস্তিং, অস্তি বল না
নহে কভু সৃজন পালন লয়, যাঁহার ইচ্ছায় হয়, নি
তার নিত্য সেই বিভু।। উদ্ভিজ্জ আর স্বেদজ, অণ্ড
আর জরায়ুজ, ভূতগ্রাম হয়ে অচেতন। মনুষ্যাদ
... গতি রবে পাদব্রজে, চেতন হইতে অচেতন
... সকল উদ্ভিজ্জ, চেতন হইতে বীর্য, তথাচ গ
বিহীন হন। তদ্রূপ নাস্তিকগণ, গতিহীন হয়ে রন, ...
জন থাকিতে অচেতন।। অতএব চারবাক, কেবল অ
..., বাক ধরে অবাকে কি ফল। তাজ ব্রহ্ম নিরান
... হে সচ্চিদানন্দ, কেন কাল হরিছ বিফল।। ...
অদ্বিতীয় গুণ নির্গুণ কিন্তু ত্রিগুণ, সর্ব্বভূতে চ
দিতে। সেই পুরুষ প্রধান, সর্ব্ব জীবের নিধান, বি
দিলেন বেদাদিতে।। যদি ভাব সেইজন, চতুর্ভুজ না
রণ, কিম্বা তিনি গজানন হন। কিম্বা তিনি ষড়া
কিম্বা তিনি পঞ্চানন, কিম্বা তাঁর চতুর্থ আনন।। ...
তাঁর নাস্তি ভুজ, কিম্বা তিনি ষড় ভুজ, কিম্বা তিনি
অষ্ট ভুজা। কিম্বা তিনি দ্বয় ভুজ, কিম্বা তিনি দশ

কিম্বা তিনি অষ্টাদশ ভুজ॥ কিম্বা তিনি জলাকার, কিম্বা অগ্নি অবতার, কিম্বা বায়ু কিম্বাই ব্যোম। কিম্বা তিনি জ্যোতির্ম্ময়, কিম্বা কাষ্ঠ লোষ্ট্র হয়, কিম্বা শীলা স্থাবর জঙ্গম॥ তবে শুন প্রত্যুত্তর, ইত্যাদি হইলে পর, নিত্যত্ব থাকেনা সেই নিত্যে। সাকার হইলে কায়, অবশ্য নাশেরে পায়, বিনাশ বর্ত্তায় তবে সত্যে॥ অতএব এ বচন, অন্ধের হস্তি দর্শন, অন্টম নায়ের ন্যায় ন্যায়। কেন হও জ্ঞান হত, কেশেতে ধরে নিয়ত, মনে কর উক্ত মীমাংসায়॥ আর ইথে কর ঐক্য, দর্শন ন্যায়ের বাক্য, মীমাংসায় অতি বিচক্ষণ। যাহে আর্য্য ঋষিগণ, দেখে-ছিল আত্মমন, তার সেই মীমাংসা এক্ষণ॥ ছাড়ি এ বাক্যের, ত্যজহ বিদেশ, ইয়োরোপ দেশে আশ্রয় লও। পূর্ব্বে সর্ব্ব সন্দিগ্ধ, আত্মতে হইবে স্নিগ্ধ, কেন মায়া দুঃখে দগ্ধ হও॥ তার এই পদার্থ পদ, অবশ্য পাবে সম্পদ, গোষ্পদ ভবের সিন্ধু হবে। নিষ্পন্দ কালের গতি নিগদ হবে সংবাদ, প্রদেয় মোক্ষ পদ লবে॥ পরম পরমানন্দে, থাকিবে পরমানন্দে, অন্ধ ঘুচে হইবেরে ইন্দ্র। অজ্ঞান তিমির পাশ, অচিরে হইবে নাশ, প্রকাশ হইবে জ্ঞানচক্ষু॥ অতএব সর্ব্বক্ষণ, ভাব সেই নিরাঞ্জন, আদ্য অন্তহীন যিনি হন। যাঁর কৃপাবলোকনে, কীটাদি মনুষ্য গণে, আহার বিহারে সুখে রন॥ দেখহ জাতি কর্ম্মগণে, প্রাণী প্রাণির জঠরে, পায় কত কঠোর যন্ত্রণা। ভাবি সেই নিরাঞ্জন, দেখ এই ত্রিভুবন, ক্রমে হয় মায়া সংঘটনা॥ নিয়মিত আয়ু যত, প্রতিক্ষণ হয় হত, স্নেহে বলে ছিল এত আশা। সুখে বঞ্চে দিন দিন, নাহি ভাবে সেই দিন, যে দিনে পলাবে প্রাণবায়ু॥ হেরিয়ে

স্বীয় লাবণ্য, মনে ভাব আমি ধন্য, মান্য গণ্য হই সর্ব্বক্ষণ। কিন্তু তোরে হেরি দৈনা, আহার তোমার জন্য, যোগান সর্ব্বদা সেই জন॥ গর্ভে করিয়া স্থাপিত, ক্রমে করে অঙ্কুরিত, কিবা তাঁর আশ্চর্য্য ব্যাপার। দেখ২ সর্ব্ব প্রাণী, ভূমিষ্ট না হৈতে প্রাণী, পয়োধরে থরে পয়োধার॥ আর দেখ সকল২, অঙ্কুর হইতে বৃক্ষ, তাহে পুনঃ শাখা দেখা যায়। ক্রমেতে হৈয়ে মুকুল, কত শত ধরে ফুল, পরে ফল ফলে যত তায়॥ পরে সেই প্রতি ফল, পাইবারে প্রতি ফল, অঙ্কুর করয়ে উৎপাদন। এইরূপ ফের ফার, কপায় হতেছে তাঁর, সেই জন জগত কারণ॥ আমি করি আমি হই, এই বাক্য হইং, করে কেন লভিছ যন্ত্রণা। লয়ে বেদের বিধান, আপনারে মন্ত্র জ্ঞান, করে সেই যন্ত্রির ভাবনা॥ যদি দর্প কর মনে, আমার নিয়োগ বিনে, ক্রিয়া নাহি হয় সমাপন: কিন্তু ওরে মূঢ় মন, যে তব নিয়োগী জন, বুঝি নাকু তাঁর অন্বেষণ॥ সব জীবে সমভাব, সবা জাবে তাঁরে ভাব, অভাব হৈতেছ কেন তাবে। বারেং পরিবর্ত্তে, এড বা ভ্রমিবে মর্ত্তে, তত্ত্ব বিনে তত্ত্ব নাহি পাবে॥ পরি হর অহঙ্কার, ভেবে দেখ কেবা কার, কোথা হৈতে এসে কোথা যায়। হইয়ে মায়ায় বদ্ধ, সকলের হয় বাধ্য, অবশেষে কান্দিয়া কাদায়॥ দেখ সেই কিবা কাল, যেকালে ঘটিবে কাল, তখন কিকালে ব্যাজ সবে। পড়িয়া থাকিবে সব, পড়িয়া থাকিবে শব, ত্যজিবেক আত্ম বন্ধু সবে॥ যখন আসিবে তার, কোথায় থাকিবে তারা, যারা তব অতি প্রিয়তর। হইবেরে তারা হারা, তারায় মিলাবে তার

তাই বলি তাঁর চিন্তাকর॥ যথা বৃদ্ধি তথা হ্রাস, জন্মি- লে অবশ্য নাশ, কভু নহে বিনাশ বর্জিত। ক্ষণ ভঙ্গুর জীবন, পদ্ম পাত্রের জীবন, জীবনের বিম্ব প্রায় স্থিত॥ বরে অস্থিত দেহ, স্থিতা স্থিত ক্ষম দেহ, পাথেয় রে উপস্থিত। যেতে হবে সেই গ্রাম, যে গ্রামে ম ধাম, ছেড়ে যবে এ গ্রাম রক্ষিত॥ অতএব সাব- ন, যতক্ষণ আছে জ্ঞান, কর২ বৈরাগ্য অভ্যাস। বিনে নিরাময়, সদা সুখী হবে মন, ত্যজ দম্ভ মোহ উপ- াস॥ যদি এই উপদেশ, মনেতে করিয়া দ্বেষ, অহঙ্কারে আদেশ লঙ্ঘিবে। হবে কষ্ট নানা রূপ, স্ত্রী ের স্বরূপ, কোন স্থানে নিস্তার না পাবে॥ দেখ ই সুমেরু গিরি, অগ্রে ছিলো বিন্ধ্যগিরি, অহঙ্কারে পরি- ন তার। ভুবনে সূর্য্যোপরি, হইয়ে সূর্য্যের অরি, গতি রুদ্ধ করণাকাঙ্ক্ষায়॥ পরে দেখ দর্পহারি, অগস্ত্য হইয়ে রি, গর্ব্ব খর্ব্ব করিল অচিরে। পায়ে ক্ষুন অভিমান, লজ্জায় পলায়ে যান, সরোবর নীরে ফিরে২॥ আশ্রয় পাবে দক হইল পদ্ম কোরক, তথায় দেখয়ে চমৎকার। দি ক্ষোভে দিবাকর, প্রকাশিয়া খরকর, হৃদয় বিদীর্ণ র তার। তাতে পন দর্পহারি, মুগ্ধকের মূর্ত্তি ধরি, কড়ি সব খণ্ডং করে। দুস্কর দেখিয়া, ক্ষুন, মনে করিল তখন, আর থাকা নহে সরোবরে॥ অতি নীচ জলা- য়, নীচের জন্যে আশ্রয়, দেক করে ভেক সর্ব্বক্ষণ। নীচ ন হইলে বাস, অবশ্য ভদ্রত্ব নাশ, উক্ত আছে পণ্ডিত গণ॥ অতএব নীচাশয়, পরিত্যাগ যোগ্য হয়, উপ- যুক্ত উচ্চের আশ্রয়। এতেক ভাবি অচিরে, আরোহিয়া ি শিরে, স্তনকুম্ভ করি কুম্ভ হয়॥ কিন্তু তথা সেই

সূর্য্য প্রকাশিয়া স্বীয় বীর্য্য, করি কুন্তকরে জ্বালাতন দর্পহারি পুনরায়, হস্তিপান হৈয়ে তায়, করে কুশ প্রহারে সর্ব্বক্ষণ ॥ করি শিরে জ্বালাতন, হৈয়ে ভাবিলেন মনে, হায়২ যাইব কোথায়। যথায় গমন করি, সঙ্গে২ ফেরে অরি, পাছে২ হেরি অনুপায় ॥ এত ভাবি কুচকু ত্যাজ্য করি করি কুম্ভ, নারী বক্ষে করিল গমন। তথাপি পঙ্কজ কর, হৈয়ে সেই দিবাকর, অরি ভাবে করয়ে দহন। দর্পহারি পুনর্ব্বার, হৈয়ে অবোধ কুমার দংশন করয়ে সদা দন্তে। অতএব অহংকার করিলে নাহি নিস্তার, অবশ্য ভোগিবে আদ্য অন্তে তাই বলি ত্যজ রঙ্গ, কর২ সাধু সঙ্গ, অনির্ব্বচনীয় ভজ্রে। ক্রমে২ দিন দিন, তাহাতে হইলে লীন, অবশ্য নির্ব্বাণ হৈবে অন্তে। পুনঃ এই ভবে, আর না আসিতে হবে, আর না করিতে হবে দ্বন্দ। আর না থাকিবে জরা আর না থাকিবে ত্রাস, আর না থাকিবে নিরানন্দ আর না থাকিবে বাস, আর না থাকিবে শ্বাস, আর থাকিবে অহঙ্কার। আর না থাকিবে ক্লেশ, আর থাকিবে দ্বেষ, আর না থাকিবে পারাপার ॥ আর থাকিবে ভ্রান্তি, আর না থাকিবে শান্তি, আর না থাকি দাবানল। আর না থাকিবে লোভ, আর না থাকি ক্ষোভ, আর না থাকিবে চলাচল ॥ অবশ্য নিস্তি হবে, অবশ্য নিশিন্ত পাবে, চিন্ময় হৈয়ে একদি কেন কালের অধীন, হৈয়ে ভাব দিন দিন, কর২ সাধনের তত্ত্ব ॥

গীত। রাগিণী সুরট মোল্লার। তাল ঢিমে তেতালা।

অধীনে থাকিবে কত আর। মনঃ আমার ॥

কত কত দিনে বারে বার, ওরে সাধ্বীন হইতে সাধ না কি তোমার॥

[illegible] বিবেক [illegible] [illegible] মনুর তরঙ্গে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কিবা অলঙ্কার।

[illegible] রাগিণী বাগেশ্বরী। তাল [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

ইতি গ্রন্থ সমাপ্ত।